# দক্ষিণ আফ্রিকায় দোকানে অগ্নিকাণ্ডে ৬ বাংলাদেশি নিহত



ছবি: সংগৃহীত

দক্ষিণ আফ্রিকার ইস্টার্ন কেপ প্রদেশে একটি দোকানে ভয়াবহ অগ্নিকাণ্ডে ছয় বাংলাদেশি নিহত হয়েছেন। মঙ্গলবার (২৮ জুলাই) স্থানীয় সময় ভোর ৩টার দিকে কুইন্সটাউন থেকে প্রায় ১৫০ কিলোমিটার দূরের সমো এলাকায় এ ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা গেছে, অগ্নিকাণ্ডের সময় ওই বাংলাদেশিরা দোকানের ভেতরে ঘুমিয়ে ছিলেন। আগুন দ্রুত ছড়িয়ে পড়লে ঘটনাস্থলেই ছয়জনের মৃত্যু হয়। এ ঘটনায় আরও একজন আহত হয়েছেন। তাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

নিহতরা সবাই নারায়ণগঞ্জ সদর উপজেলার বাসিন্দা। তাদের মধ্যে আলিরটেক ইউনিয়নের কুকেরচর ও চর আলীরটেক এবং বক্তাবলী ইউনিয়নের রামনগর এলাকার বাসিন্দা রয়েছেন।

অগ্নিকাণ্ডের সূত্রপাত কীভাবে হয়েছে, তা তাৎক্ষণিকভাবে জানা যায়নি। ঘটনার কারণ অনুসন্ধানে স্থানীয় পুলিশ তদন্ত শুরু করেছে।

LENS ASIA